তারিখ ১১ JUL 2017
পৃষ্ঠা ৩ কলাম ২

দৈনিক আমাদের সময়

# শিক্ষা ক্যাডারে অংশ নিতে পারবেন আইসিটির সব শিক্ষার্থীই

নিজস্ব প্রতিবেদক ● সমালোচনার মুখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (আইসিটি) সব বিষয়ের শিক্ষার্থীকেই ৩৮তম বিসিএসে প্রভাষক পদের পরীক্ষায় অংশ নেওয়ার অনুমতি দিয়েছে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি)। এ তথ্য জানিয়েছেন পিএসসি চেয়ারম্যান অধ্যপক ড. মোহাম্মদ সাদিক নিজেই।

অধ্যাপক ড. মোহাম্মদ সাদিক বলেন, আমরা কাউকেই বঞ্চিত করতে চাই না। যেসব বিষয় নিয়ে কথা হচ্ছে, সেগুলো নিয়ে আমাদের কাছে কোনো আপডেট তথ্য ছিল না। তাই এগুলো এরপর পৃষ্ঠা ৯ কলাম ৩

## শিক্ষা ক্যাডারে

(৩ এর পৃষ্ঠার পর) যুক্ত করা হয়নি। তবে তারা এখন আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে কিছু নিয়ম অনুসরণ করতে হবে, যা বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হবে।

গত ২০ জুন ৩৮তম বিসিএসের নিয়োগ বিজ্ঞপ্তি দেওয়া হয়। এতে সরকারি কলেজের প্রভাষক পদে (শিক্ষা ক্যাডার) আইসিটির মাত্র তিনটি বিষয়ের শিক্ষার্থীদের অংশ নিতে পারবেন বলে উল্লেখ করা হয়। কিন্তু এই তিনটির বাইরেও আইসিটিতে আরও কয়েকটি বিষয় অন্তর্ভুক্ত থাকায় ওইসব বিষয়ের শিক্ষার্থীরা বিপাকে পড়েন। অবশেষে সমালোচনার মুখে সব বিষয়ের শিক্ষার্থীদেরই পরীক্ষায় অংশ নেওয়ার অনুমতি দেওয়া হলো।

আগের বিজ্ঞপ্তি অনুযায়ী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি), ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) ও কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিষয়ের শিক্ষার্থীদেরই কেবল কলেজের প্রভাষক পদে আবেদনের সুযোগ ছিল। নতুন সিদ্ধান্তের ফলে আইসিটির সঙ্গে সংশ্লিষ্ট ইলেকট্রনিক অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই), ইলেকট্রনিক অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইটিই) ও কম্পিউটার অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (সিসিই) বিষয়ের শিক্ষার্থীরাও এখন আবেদন করতে পারবেন।